শ্রেণীবিন্যাস: অফিসিয়াল

প্রকাশনা অনুমোদনের রেফারেন্স: PAR1381

# এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন: স্বতন্ত্র পর্যালোচনা প্রক্রিয়া

## গণতথ্য নির্দেশনা

সংস্করণ ২, ১লা জুন ২০২২

# বিষয়বস্তুসমূহ

এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন কী? ........ 2
এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য যোগ্য হওয়ার সিদ্ধান্তসমূহের দায়িত্বসমূহ ........ 2
স্বতন্ত্র নিরীক্ষণ ........ 2
আপনি যদি একটি আইআরের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত নেন তবে কী আশা করতে পারেন ........ 3
একটি আইআরের জন্য একটি অনুরোধ করা এবং আবেদনপত্রের ফরম পূরণ করা ........ 3
আবেদনপত্রের ফরমটি পূরণ করার সময়ে কোন কোন বিষয়ে লক্ষ্য রাখতে হবে ........ 3
আপনাকে আপ-টু-ডেট রাখা ........ 4
আপনার আবেদনপত্রের নিরীক্ষণ করা ........ 5
একটি আইআর প্যানেলের জন্য ব্যবস্থাসমূহ ........ 5
এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য কে যোগ্য? ........ 8
কারোর একটি ‘প্রাথমিক স্বাস্থ্য যত্ন’ আছে কিনা সেই সিদ্ধান্ত নেয়ার জন্য আমাদের ব্যবহারকৃত মূল বিবেচনাসমূহের সারসংক্ষেপ ........ 8
আপনার ব্যক্তিগত তথ্যসমূহের কি ঘটে? ........ 9

এই নির্দেশনাটি সাধারণ জনগণকে এনএইচএস স্বাস্থ্যযত্নের স্বতন্ত্র নিরীক্ষণ প্রক্রিয়ার একটি সামগ্রিক বর্ণনা দেয়ার জন্য তৈরি করা হয়েছে।

## এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন কী?

এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন হলো সেই নাম যা এককভাবে এনএইচএস দ্বারা ব্যবস্থিত এবং অর্থায়নকৃত একটি চলমান যত্নের প্যাকেজ, এটি সাধারণ জনগণের জন্য যাদেরকে একটি 'প্রাথমিক স্বাস্থ্য চাহিদা' আছে বলে মূল্যায়ন করা হয়েছে। আপনি যদি যোগ্য হন, তবে আপনার যত্নের প্যাকেজটিকে প্রায়শঃ আপনার নিজস্ব বাড়িতে বা একটি কেয়ার হোমে সরবরাহ করা হবে।

ইন্টিগ্রেটেড কেয়ার বোর্ড (আইসিবি) যেটি আপনার স্থানীয় স্বাস্থ্যযত্নের পরিকল্পনা এবং ক্রয়ের জন্য দায়বদ্ধ সেটি আপনি এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন নেয়ার যোগ্য কিনা সেই সিদ্ধান্ত নিয়ে থাকে।

এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন এবং এনএইচএস-অর্থায়নকৃত নার্সিং কেয়ার (জাতীয় পরিকাঠামো)-এর জন্য জাতীয় পরিকাঠামো কোন ব্যক্তি এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন এবং একটি জটিল সিদ্ধান্তের জন্য যোগ্য কিনা তার মূল্যায়ন করার জন্য নীতিমালা এবং প্রক্রিয়াসমূহের বর্ণনা দেয়।

## এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য যোগ্য হওয়ার সিদ্ধান্তসমূহের দায়িত্বসমূহ

আপনি যদি এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য আপনার যোগ্যতা সম্পর্কিত সিদ্ধান্ত নিয়ে অখুশি হন, তবে আপনি (বা আপনার প্রতিনিধি) আইসিবিকে এর স্থানীয় সমাধান প্রক্রিয়া ব্যবহার করে সিদ্ধান্তটির নিরীক্ষণ করার জন্য অনুরোধ করতে পারেন।

## স্বতন্ত্র নিরীক্ষণ

যদি আইসিবি স্থানীয় সমাধানের মাধ্যমে বিষয়টির সমাধান করা সম্ভব না হয়, তবে আপনি আমাদের (এনএইচএস ইংল্যান্ড) কাছে একটি স্বতন্ত্র নিরীক্ষণ (আইআর)-এর জন্য অনুরোধ করার জন্য আবেদন করতে পারেন।

আইআর প্রক্রিয়াসমূহ যা যা করতে পারে না

প্রক্রিয়াটি নিম্নোক্তসমূহ নিরীক্ষণ করতে অক্ষম:

- যোগ্যতার শর্তাবলীর বিষয়বস্তু
- একটি এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের প্যাকেজের একটি অফারের প্রকার এবং ঠিকানা
- আপনাকে অফার করা হয়েছে এমন যেকোন বিকল্প যত্ন প্যাকেজসমূহের বিষয়বস্তু
- আপনি হয়ত পাচ্ছেন বা পেয়েছেন এমন চিকিৎসা বা পরিষেবাসমূহ
- একটি নেতিবাচক চেকলিস্টের পরে একটি পূর্ণ মূল্যায়নের জন্য একটি অনুরোধকে বিবেচনা করার জন্য একটি ইন্টিগ্রেটেড যত্ন বোর্ড (আইসিবি)-এর অগ্রাহ্যকরণ।
- যেকোন রিড্রেস পেমেন্টের হিসাব।

আপনার উচিত এই সমস্যাগুলো উত্থাপন করার জন্য এনএইচএস অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করা।

## আপনি যদি একটি আইআরের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত নেন তবে কী আশা করতে পারেন

প্রক্রিয়াটির অনেকগুলি ধাপ আছে:

- আপনি একটি আবেদন ফরমের অনুরোধ করুন, এটি পূরণ করে ফেরত পাঠান।
- আমরা আপনার আবেদনপত্রটি নিরীক্ষণ করবো। একটি আইআর প্যানেলের ব্যবস্থা করা হবে কি না সেই সিদ্ধান্ত নেয়ার পূর্বে আমরা আপনার বিষয়টিকে একটি 'বিবেচনামূলক প্রক্রিয়া' (নিচে বর্ণিত হয়েছে)-তে বরাদ্দ করতে পারি।
- আমরা আমাদের সিদ্ধান্ত সম্পর্কে আপনাকে বলার জন্য লিখছি।
- যদি আপনি একটি প্যানেলে সম্মত হন, তবে মিটিং-এ উপস্থিত হওয়ার জন্য আপনার সঙ্গে দেখা করতে এবং আপনাকে আমন্ত্রণ জানাতে প্যানেলের জন্য একটি তারিখের প্রস্তাব দেবো, যদি আপনি চান।
- আইআর প্যানেল আপনার যোগ্যতা সম্পর্কে এর সুপারিশ পূরণ করে এবং তৈরি করে।
- আমরা আপনাকে এবং আইসিবিকে সিদ্ধান্ত সম্পর্কে জানিয়ে দেবো এবং আপনি যদি পরিণামের সঙ্গে সম্মত না হন তবে আপনার অপশনসমূহ ব্যাখ্যা করবো।

## একটি আইআরের জন্য একটি অনুরোধ করা এবং আবেদনপত্রের ফরম পূরণ করা

যদি আপনি স্থানীয় সমাধান মিটিং-এর পরে আইসিবির সিদ্ধান্ত নিয়ে অসন্তুষ্ট থাকেন, তবে আপনাকে আমাদের 'স্বতন্ত্র নিরীক্ষণের জন্য আবেদনপত্র' ফরমটি অবশ্যই পূরণ করতে হবে। এর অনুরোধ করার জন্য, আইসিবির স্থানীয় সমাধান সিদ্ধান্তের চিঠিতে প্রদত্ত বিবরণ ব্যবহার করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন। আপনাকে ছয় সপ্তাহের মধ্যে ফরমটি পাঠাতে হবে যাতে আমরা আপনার আবেদনপত্রটি এগিয়ে নিয়ে যেতে পারি।

যদি আপনার আবেদনপত্রের ফরমটি পূরণ করায় সহায়তার প্রয়োজন হয়, তবে আমাদের দলের একজন সদস্যকে জিজ্ঞাসা করুন।

আমাদের লক্ষ্য হলো যত দ্রুত সম্ভব প্রক্রিয়াটিকে এগিয়ে নিয়ে যাওয়া, কিন্তু আমরা অনেক বেশি সংখ্যক মামলা নিয়ে কাজ করছি এবং এটি নিশ্চিত করতে অনেক সময় লাগে যে আমাদের কাছে সকল প্রয়োজনীয় তথ্য আছে।

## আবেদনপত্রের ফরমটি পূরণ করার সময়ে কোন কোন বিষয়ে লক্ষ্য রাখতে হবে

প্রকৃত যোগ্যতা সংক্রান্ত সিদ্ধান্তের প্রতি আপনার অসম্মতির মূল কারণসমূহ আমরা জানতে চাইবো। আপনার কাছে এই নির্দেশনার পিছনে 'মূল বিবেচনাসমূহ' বিভাগটি পড়লে উপকারী হতে পারে এবং ফরমটি পূরণ করার সময়ে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করুন:

যদি আপনি বিবেচনা করেন যে আইসিবি আপনার চাহিদার সীমা সঠিকভাবে মূল্যায়ন করে নি, তবে মূল্যায়নের সময়ে প্রয়োজনীয় চাহিদাসমূহের প্রকার এবং আপনার কোন যত্নের প্রয়োজন তা ব্যাখ্যা করুন।

- আপনার পক্ষে যতটা সম্ভব ততটা নির্দিষ্ট করে বলুন- আমাদের জন্য এটি আরো সহায়ক হয়ে থাকে যদি এটি অনেকবার ঘটে এমনটি না বলে যদি আপনি বলেন যে কোনো সমস্যা 'সাধারণত দিনে দুই বা তিনবার' ঘটে থাকে।
- যত্ন প্রদান করা আরো জটিল করে তুলেছে এমন যেকোনো কিছু সম্পর্কে আমাদেরকে জানান।
- আমাদেরকে জানাবেন যদি আপনার চাহিদাগুলোর অনুমান করা কঠিন হয়ে থাকে এবং সেগুলি বারংবার পরিবর্তিত হয়ে থাকে।
- আপনার মানসিক এবং আবেগী চাহিদাসমূহ শারীরিক চাহিদাসমূহের মতই গুরুত্বপূর্ণ।
- আপনার আত্মীয়স্বজন বা স্বেচ্ছসেবকগণ যে যত্ন প্রদান করেছেন, সেই সঙ্গে পেশাদারগণের কাছ থেকে যে যত্ন পেয়েছেন সেগুলি সম্পর্কে আমাদেরকে বলুন।

আপনি শুধুমাত্র আইআর প্রক্রিয়ার জন্য নতুন প্রমাণ দেখাতে পারেন যদি আপনার মূল্যায়নটি করা এবং এর সিদ্ধান্ত নেয়ার সময়ে এই প্রমাণটিকে আইসিবি সংগ্রহ করেছে এবং/ বা বিবেচনা করেছে এমন আশা করা যুক্তি সঙ্গত ছিল, কিন্তু এমনটি করতে আদতে ব্যর্থ হয়েছে।

এটি আরো তথ্য সরবরাহ করার জন্য আপনার সর্বশেষ সুযোগ এবং আপনি প্রক্রিয়ার একটি পরের দিকের স্তরে অতিরিক্ত তথ্য দেখাতে পারবেন না।

আইসিবি আমাদেরকে আপনি তাদেরকে কাছে যে জমাগুলো করেছেন সেগুলি সরবরাহ করে থাকে, তাই আপনার সেগুলি আমাদের কাছে পাঠানোর আর কোন প্রয়োজন নেই। অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে আপনাকে মিটিং-এর পূর্বে আইসিবির নিকট থেকে আমাদের কাছে প্রেরিত তথ্যাদি নিরীক্ষণ করতে এবং প্যানেলের কাছে আপনার যেকোন চিন্তার কথা মৌখিকভাবে তুলে ধরার সুযোগ থাকবে।

একটি আইআরের জন্য একটি অনুরোধ করার জন্য উপরোক্ত বিবৃত প্রক্রিয়াটি আপনাকে কোনো প্রকার অসুবিধায় স্থিত করার অভিপ্রায়ে নেই। আপনার যদি প্রক্রিয়ার কোনো দিক নিয়ে সমস্যা হয়ে থাকে, তবে অনুগ্রহ করে এনএইচএস ইংল্যান্ডের কাছে আপনার অনুরোধটি প্রক্রিয়াজাত করার জন্য দায়বদ্ধ প্রশাসনের সঙ্গে যোগাযোগ করুন। এই আবেদনপত্রের ফরমের সঙ্গে সংযুক্ত চিঠিতে প্রশাসনকে উল্লেখ করতে হবে।

## আপনাকে আপ-টু-ডেট রাখা

আপনাকে আপনার মামলাকে সমর্থনকারী কেসওয়ার্কারের বিবরণ প্রদান করা হবে, যিনি আপনার থাকতে পারে এমন প্রশ্নসমূহের

উত্তর দিতে সক্ষম হবেন। আমরা যত দ্রুত সম্ভব আপনার অনুরোধটি নিয়ে কাজ করার এবং প্রক্রিয়া সম্পর্কে আপনাকে আপডেট দিতে থাকার লক্ষ্যে আছি। ইতোমধ্যে, অনুগ্রহ করে এটি মনে রাখবেন যে প্রক্রিয়াটি সাধারণত তিন-থেকে-ছয়-মাস সময় নিয়ে থাকে, এবং আপডেটসমূহের জন্য অনুরোধসমূহের প্রতি উত্তর দেয়ার আমাদের সীমিত ক্ষমতা  আছে।

## আপনার আবেদনপত্রের নিরীক্ষণ করা

আমরা আপনার আবেদনপত্রের ফরম ব্যবহার করে আপনার মামলাটি এবং আইসিবি দ্বারা প্রস্তুতকৃত একটি কেস ফাইল আগে দেখে রাখি। মামলার পূর্ব নিরীক্ষণের কতকগুলি সম্ভাব্য পরিণাম আছে যার মধ্যে নিম্নোক্তসমূহ অন্তর্ভুক্ত থাকে:

- আমরা যদি আপনার কেস ফাইলটি অসম্পূর্ণ পাই, তবে আমরা আইসিবির নিকট থেকে আরো তথ্যের জন্য অনুরোধ করবো।
- যদি আইসিবি এর প্রথম সিদ্ধান্তের পরে স্থানীয় সমাধানের প্রস্তাব না দেয়, তবে আমরা আইসিবির কাছে মামলাটি ফেরত পাঠাবো এটি দেখার জন্য যদি তারা আইআরের জন্য চাহিদা ছাড়াই আপনার বিবেচনাসমূহের সমাধান করতে পারেন কি না।
- যদি আপনার কোন সন্দেহ থাকে, তবে আমরা এটি নিরীক্ষণ করার জন্য একটি আইআর প্যানেল আহ্বান করবো কিনা সেই বিষয়ে পরামর্শের জন্য একজন স্বতন্ত্র চেয়ারপার্সনের কাছে আপনার মামলাটি বরাদ্দ করবো।
- যদি মামলাটি প্রস্তুত হয় এবং একটি আইআর প্যানেলের জন্য উপযুক্ত হয়, তবে আমরা একটি প্যানেল তারিখ ঠিক করার জন্য ব্যবস্থাসমূহ করবো।

আমরা একটি নির্দিষ্ট মামলার জন্য একটি আইআর প্যানেল করতে হবে কিনা সেই বিষয়ে একজন স্বতন্ত্র চেয়ারের নিকট থেকে পরামর্শের অনুসন্ধান করার জন্য 'বিবেচনা প্রক্রিয়া' ব্যবহার করবো। যদি এই প্রক্রিয়াতে আমরা আপনার মামলাটিকে বরাদ্দ করি, একজন স্বতন্ত্র চেয়ার এবং স্বতন্ত্র ক্লিনিকাল উপদেষ্টা আপনার আবেদনপত্রের ফরম এবং কেস ফাইলটি নিরীক্ষণ করবেন।

যদি তারা আপনার চাহিদাসমূহ এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের যোগ্যতার শর্তাবলীর বাইরে পড়ছে বলে বিবেচনা করেন, বা আপনার মামলাটি বিবেচনা করার জন্য আইআর প্যানেলের জন্য অতি স্পষ্টভাবে উপযুক্ত না হয়, তবে চেয়ার তাদের কারণসমূহকে ব্যাখ্যা করে একটি রিপোর্ট প্রস্তুত করবেন এবং আমরা যাতে একটি প্যানেল করি তার পরামর্শ দেবেন। আমরা আপনাকে তাদের কারণ এবং আমরা যে একটি প্যানেল করবো না সেই সম্পর্কিত তাদের সুপারিশের ব্যাখ্যা করে চেয়ারের রিপোর্টের  একটি কপি আপনাকে পাঠাবো।

যাইহোক, যদি চেয়ার এই সিদ্ধান্ত নেন যে একটি প্যানেলের আপনার যত্নের বিবেচনা করা উচিত, তবে আমরা একটি প্যানেলের তারিখ ঠিক করার ব্যবস্থাসমূহ করবো।

## একটি আইআর প্যানেলের জন্য ব্যবস্থাসমূহ

সূচি প্রস্তুতকরণ

আমরা আইআর প্যানেল মিটিং-এর জন্য একটি তারিখ বরাদ্দ করবো।

আপনার সংশ্লিষ্টতা

আমরা আপনাকে মিটিং-এ উপস্থিত হওয়ার আমন্ত্রণ জানাই, যদি আপনি চান, বা আপনি লিখিতভাবে আপনার মতামতসমূহ দিতে পারেন।

## সিএইচসি (CHC) স্বাধীন পর্যালোচনা প্যানেলগুলি সাধারণত মাইক্রোসফট টিমস-এ অনলাইনে (ভার্চুয়ালি) অনুষ্ঠিত হয়। যে কুনো ব্যক্তি টেলিফোন, মুখোমুখি এবং আইআরপি (IRP)-এর হাইব্রিড সংস্করণ এর জন্য অনুরোধ করতে পারেন এবং এই অনুরোধগুলো এনএইচএস (NHS) ইংল্যান্ড দ্বারা কেস-বাই-কেস ভিত্তিতে বিবেচনা করা হবে।

বিশেষ প্রয়োজনসমূহ

যদি আপনার কোনো বিশেষ প্রয়োজনসমূহ থাকে, যেমন : হুইলচেয়ারের সুবিধা, নিচের তলা বা লিফট, ব্রেইলি, ব্রিটিশ সাংকেতিক ভাষা- তবে অনুগ্রহ করে যত দ্রুত সম্ভব এবং প্যানেল মিটিং-এর অন্তত দুই সপ্তাহ পূর্বে আমাদেরকে  জানান।

আপনার কেস ফাইলের কপি

আইসিবি আপনাকে মিটিং-এ ব্যবহৃত হবে এমন কেস ফাইলের একটি কপি পাঠাবেন। যদি ফাইলটি মিটিং-এর তারিখের দুই সপ্তাহ পূর্বে না পৌঁছায়, তবে অনুগ্রহ করে আমাদেরকে সরাসরি জানিয়ে দিন।

আবেদক হিসেবে, আপনার আইআর প্যানেলে উপস্থিত হওয়ার প্রয়োজন নেই, যদিও আপনি চাইলে এমনটি করতে পারেন। যদি আপনি উপস্থিত না হন, তবে আইসিবি দ্বারা সরবরাহকৃত আপনার কেস ফাইলটি আপনি একবার নিরীক্ষণ করে নিলে আমরা লিখিতভাবে প্রদত্ত আপনার প্রধান মতামতসমূহ গ্রহণ করবো।

উকিলগণ দ্বারা উপস্থিতি

কিছু লোক আইআর প্যানেল মিটিং-এ তাদের অ্যাডভোকেট হিসেবে একজন উকিল নিয়োগ করে থাকেন। যদি আপনি করেন, তবে এটি গুরুত্বপূর্ণ যে তারা যেন জানেন আইআর প্যানেল মিটিংটি কোন আইনি প্রক্রিয়া নয়। যেহেতু আইআর প্যানেল মিটিং-এ আইনি পেশাদারদের জন্য কোন আনুষ্ঠানিক ভূমিকা নেই, সেহেতু এনএইচএস একজন উকিল নিযুক্ত করার কারণে আপনার যেকোন খরচ ফেরত দেবে না।

প্রক্রিয়াগত সমস্যাসমূহের প্রতি আইআর প্যানেলের উপস্থাপনা

এটি বোঝা গুরুত্বপূর্ণ যে এমনকি  যখন এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য আপনার মূল্যায়ন হচ্ছিল তখন অনুরসরণকৃত প্রক্রিয়া থেকে সমস্যার উদ্ভব হয়ে থাকলেও, এটি আইআর প্যানেলকে এই সুপারিশের দিকে নির্দেশিত করবে না যে আপনি এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য উপযুক্ত, যদিনা প্যানেল এই সিদ্ধান্তে উপনীত হয় যে পূর্বে অনুসরণকৃত প্রক্রিয়াটি  আইসিবিকে একটি নিরপেক্ষ এবং পোক্ত সিদ্ধান্ত তৈরি করার কাজ থেকে বিরত করবে।

একমাত্র ভিত্তি যার  উপর নির্ভর করে আইআর প্যানেল এই সুপারিশ করতে পারে যে আপনি উপযুক্ত সেটি হলো যদি এটি এই সিদ্ধান্ত নেয় যে আপনার জাতীয় কাঠামোতে বর্ণিত নীতিমালা অনুযায়ী একটি ‘প্রাথমিক স্বাস্থ্য চাহিদা’ আছে।

নির্দিষ্ট পরিস্থিতিসমূহে যেখানে আমরা বিশ্বাস করি প্রক্রিয়াগত সমস্যাসমূহ আইসিবিকে একটি পোক্ত সিদ্ধান্ত নেয়া থেকে প্রতিরোধ করছে, সেখানে আপনার মামলাটিকে আইসিবির কাছে পুনরায় নির্দেশ করা হতে পারে। যদি আপনার মামলাটিকে একটি পূর্ণ পুনর্মূল্যায়নের জন্য আইসিবির নিকটে ফেরত পাঠানো হয়, তবে আপনি পরিণামের সঙ্গে অসম্মত হয়ে থাকলে সেই পূর্ণ পুনর্মূল্যায়নের একটি অতিরিক্ত আইআরের জন্য আবেদন করতে পারবেন।

দিনের কার্যক্রমসমূহ

আইআর প্যানেলটি নিম্নোক্তসমূহ নিয়ে গঠিত:

- একজন স্বতন্ত্র চেয়ার (এমন একজন যাকে এনএইচএস নিযুক্ত করেন নি এবং পূর্বে আপনার মামলা সম্পর্কে অবগত ছিলেন না)
- একজন আইসিবি প্রতিনিধি এবং একজন সামাজিক পরিষেবা কর্তৃপক্ষের প্রতিনিধি, আপনার মামলার সঙ্গে পূর্বে সংশ্লিষ্ট ছিলো না এমন সংস্থাসমূহ থেকে
- একজন ক্লিনিকাল উপদেষ্টাও হয়তো উপস্থিত থাকতে পারেন।

ক্লিনিকাল উপদেষ্টার ভূমিকা হলো আপনার ক্লিনিকাল রোগ নির্ণয় সংক্রান্ত আপনার চাহিদাসমূহকে মুল্যায়নকারীগণ সঠিকভাবে ব্যাখ্যা করেছেন কিনা সেই সম্পর্কে পরামর্শ প্রদান করা।  আপনার প্রকৃত ক্লিনিকাল রোগ নির্ণয়, পরিচালনা, বা চিকিৎসার ভবিষ্যত সম্পর্কে দ্বিতীয় কোন মতামত প্রদান করা তাদের কাজ নয়।

নিরীক্ষণকারী প্যানেলের প্রক্রিয়া এবং অপারেশন হলো চেয়ারের জন্য একটি বিষয়, যার জাতীয় পরিকাঠামোতে বর্ণিত প্রক্রিয়া সম্পর্কে জানা থাকতে হবে। সাধারণতঃ, আমরা এক ঘন্টা ধরে চলে এমন মিটিং-এর উন্মুক্ত সেশনের আশা করে থাকি।

উন্মুক্ত সেশনসমূহ স্বতন্ত্র ব্যক্তি, তার পরিবার এবং যেকোন যত্নকারী, স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবাসমূহের কর্মচারী, এবং যেকোনো অন্যান্য প্রাসঙ্গিক সংস্থা বা ব্যক্তি সহ মূল পক্ষসমূহের মতামতসমূহ পেতে প্যানেল সদস্যগণকে সক্ষম করে থাকে। প্যানেল উন্মুক্ত সেশনের পূর্বেই সকল লিখিত সাক্ষ্য নিরীক্ষণ করবেন কিন্তু অবস্থান স্পষ্ট করার জন্য আরো তথ্যের অনুসন্ধান করতে চাইতে পারেন।

এর সাথে, উন্মুক্ত সেশন স্বতন্ত্র এবং/বা তাদের প্রতিনিধিগণকে, সেই সাথে দায়বদ্ধ আইসিবিকে, মৌখিক বা লিখিতভাবে তাদের মতামত পূর্ণাঙ্গরূপে প্রদান করায় সক্ষম করে থাকে।

উন্মুক্ত সেশন বন্ধ করার সময়ে, চেয়ার আইআর প্যানেলের অনুসন্ধান এবং সুপারিশসমূহকে বর্ণিত করে রিপোর্ট প্রস্তুত করার জন্য সময়সীমার বর্ণনা দেন। এরপর আপনাকে এবং আইসিবি প্রতিনিধিকে (আইসিবি থেকে যে প্রকৃত সিদ্ধান্ত তৈরি করেছে) মিটিং

থেকে প্রস্থান করতে অনুরোধ করা হয়েছে।

এরপর আইআর প্যানেল স্বেচ্ছায় ব্যক্তিগতভাবে আপনার মামলাটি দেখেন এবং এর সুপারিশসমূহের উপরে একটি সিদ্ধান্তে পৌঁছায়।

## এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য কে যোগ্য?

এনএইচএস চলমান স্বাস্থ্যযত্ন এবং এনএইচএস-অর্থায়নকৃত নার্সিং কেয়ারের জন্য জাতীয় পরিকাঠামোতে পূর্ণ তথ্যাদি পাওয়া যায় যা স্বাস্থ্য এবং সামাজিক যত্ন বিভাগের ওয়েবসাইটে উপলব্ধ আছে:

https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/746063/20181001_National_Framework_for_CHC_and_FNC_-_October_2018_Revised.pdf

## কারোর একটি ‘প্রাথমিক স্বাস্থ্য যত্ন’ আছে কিনা সেই সিদ্ধান্ত নেয়ার জন্য আমাদের ব্যবহারকৃত মূল বিবেচনাসমূহের সারসংক্ষেপ

এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য যোগ্যতা কোন নির্দিষ্ট রোগ, রোগনির্ণয়, বা সমস্যা থাকার উপর নির্ভর করে না, এবং এটি কে যত্ন সরবরাহ করছে বা ব্যক্তিটি কোথায় বসবাস করেন তার উপর নির্ভর করে না। এটি একটি কেয়ার হোমে, নার্সিং সম্বলিত একটি কেয়ার হোম বা কোন ব্যক্তির নিজের বাড়িতে সরবরাহ করা যেতে পারে।

যোগ্যতা কোনো ব্যক্তির মূলত সামাজিক যত্ন এবং আবাসনের চাহিদা যেটি একটি স্থানীয় কর্তৃপক্ষ সরবরাহ করবে বলে আশা করা হয় সেটির বিপরীতে একটি ‘প্রাথমিক স্বাস্থ্য চাহিদা’ আছে কিনা তার উপর নির্ভর করে নির্ধারিত হয়। নার্সিং যত্নের একটি চাহিদা থাকা আদতে কাউকে এনএইচএস চলমান স্বাস্থ্যযত্নের জন্য যোগ্য করে না।

’প্রাথমিক স্বাস্থ্য চাহিদা’ বিস্তারিতভাবে ব্যক্তির যত্ন সংক্রান্ত সকল চাহিদার দিকে নজর দিয়ে এবং নিম্নোক্ত চারটি মূল বৈশিষ্ট্যের সঙ্গে সংশ্লিষ্ট করে মূল্যায়ন করা হয়েছে:

- ধরন: এটি একজন ব্যক্তির চাহিদাসমূহের বৈশিষ্ট্যসমূহ (যার মধ্যে শারীরিক, মানসিক স্বাস্থ্য বা মনোবৈজ্ঞানিক চাহিদাসমূহ অন্তর্ভুক্ত) এবং ঐ ধরনের চাহিদাসমূহের প্রকারকে বর্ণিত করে। এটি স্বতন্ত্র ব্যক্তির উপরে ঐ চাহিদাসমূহের সামগ্রিক প্রভাব, সেই সঙ্গে সেগুলি পরিচালনা করার জন্য প্রয়োজনীয় মধ্যবর্তীতাসমূহের ধরনও (’মান’) বর্ণিত করে থাকে।

- তীব্রতা: এটি চাহিদার সীমা (’মান’) ও গুরুত্ব (’মাত্রা’ ) এবং সেগুলি পূরণ করার জন্য প্রয়োজনীয় সমর্থন উভয়ের সঙ্গে সম্পর্কিত, এর মধ্যে স্থিত/চলমান যত্নের ( ‘চলমান’ ) জন্য চাহিদা অন্তর্ভুক্ত থাকে।

- জটিলতা: এটি চাহিদাসমূহকে কিভাবে উপস্থাপন করা হয় এবং লক্ষণসমূহ পরিচালনা করা, রোগ (সমূহ)-এর চিকিৎসা এবং/বা যত্ন পরিচালনা করার জন্য দক্ষতা বৃদ্ধি করতে কিভাবে সংস্পর্শে আসা হয় সেটি নিয়ে বিবেচিত

থাকে। এটি একটি একক সমস্যা নিয়ে উত্থিত হতে পারে, বা এটিতে বহুবিধ সমস্যা উপস্থিত বা দুই বা ততোধিক সমস্যার মধ্যে যোগাযোগকে অন্তর্ভুক্ত করতে পারে। এটিতে এমন পরিস্থিতিসমূহও অন্তর্ভুক্ত হতে পারে যেখানে একজন ব্যক্তির তাদের নিজস্ব রোগের প্রতি প্রতিক্রিয়া তাদের সামগ্রিক চাহিদাসমূহের উপরে একটি প্রভাব ফেলতে পারে, যেমন যেখানে একটি শারীরিক স্বাস্থ্য চাহিদার ফলে একজন ব্যক্তির একটি মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চাহিদা তৈরি হতে পারে।

- ভবিষ্যতবাণী করা যায় না এমন: এটি সেই মাত্রার বর্ণনা করে যার ওঠানামা করার প্রয়োজন আছে এবং তাই সেগুলি পরিচালনা করতে সমস্যাসমূহ সৃষ্টি করে। এটি ব্যক্তির স্বাস্থ্যের প্রতি ঝুঁকির মাত্রার সঙ্গেও সম্পর্কিত যদি পর্যাপ্ত এবং সময়ানুযায়ী যত্ন সরবরাহ না করা হয়। ভবিষ্যতবাণী করা সম্ভব নয় এমন স্বাস্থ্যযত্নের চাহিদা সম্পন্ন একজন স্বতন্ত্র ব্যক্তির একটি ওঠানামা করে, অস্থির বা দ্রুত অবগতি হচ্ছে এমন রোগ থাকতে পারে।

এই বৈশিষ্ট্যসমূহের প্রত্যেকটি হয়তো, একাই বা সমন্বিতভাবে, একটি প্রাথমিক স্বাস্থ্যযত্ন প্রদর্শন করতে পারে।

ব্যক্তির প্রয়োজন এমন পূর্ণরূপে গৃহীত, নার্সিং অথবা অন্যান্য স্বাস্থ্য পরিষেবা একটি স্বাস্থ্য কর্তৃপক্ষ দ্বারা আইনত সরবরাহ করা যায় এমন ধরনের কিনা সেই প্রশ্নটিকেও বিবেচনা করতে হবে। যদি সেগুলি না হয়, তবে এটি একটি 'প্রাথমিক স্বাস্থ্য চাহিদা' প্রদর্শন করবে।

## আপনার ব্যক্তিগত তথ্যসমূহের কি ঘটে?

ব্যক্তিগত গোপনীয়তা সংক্রান্ত নোটিশ

আমাদের ব্যক্তিগত গোপনীয়তা সংক্রান্ত নোটিশ– https://www.england.nhs.uk/contact-us/privacy-notice/ – বর্ণিত করে যে আমরা কিভাবে ব্যক্তিগত তথ্য ব্যবহার করি এবং ব্যাখ্যা করে যে আপনি কিভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন এবং একটি তথ্য সংক্রান্ত বিষয় হিসেবে আপনার অধিকার কিভাবে আহ্বান করবেন। আমরা তথ্য প্রতিরক্ষা আইন ২০১৮-এর শর্তানুযায়ী আপনার তথ্যাদি প্রক্রিয়াধীন করবো।

আপনার যদি কোনো প্রশ্ন বা চিন্তা থাকে, তবে অনুগ্রহ করে এই ওয়েবসাইটে প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে সংশ্লিষ্ট আঞ্চলিক দলের সঙ্গে যোগাযোগ করুন: https://www.england.nhs.uk/healthcare/

তথ্য সুরক্ষা সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে আমাদের তথ্য সুরক্ষা অফিসে যোগাযোগ করুন: england.dpo@nhs.net

আপনার ইনফরমেশন কমিশনারের অফিসের কাছে তথ্য সুরক্ষা সমস্যা সম্পর্কে আমাদের বিরুদ্ধে একটি অভিযোগ তৈরি করার অধিকার আছে: https://ico.org.uk/make-a-complaint/

NHS England
Skipton House
80 London Road
London
SE1 6LH

যোগাযোগ : enquiries@england.nhs.uk

এই প্রকাশনাটি অনুরোধক্রমে অনেকগুলি বিকল্প ফরম্যাটে উপলব্ধ করা যেতে পারে।

© NHS England 2022 | PAR1381